



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা(২য় সংশোধিত) প্রকল্প
পল্লী ভবন(৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029

স্মারক নং-৪৭.৬২.০০.০০.৯৬৬.০০.৭৭০.১৪. ২৭৬

তারিখঃ ১০/০৪/২০১৮ খ্রিঃ।

বিষয় : সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে ০১(এক) টি ব্যাচে প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত উপকারভোগী প্রশিক্ষার্থী মনোনয়নপূর্বক প্রশিক্ষণে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পভুক্ত উপজেলাসমূহের সুফলভোগীদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়াহু “বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)” এ আগামী ১৬/০৪/২০১৮ খ্রিঃ রোজ সোমবার হতে ৩০ দিন ব্যাপী সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে ৪০ (চল্লিশ) জনের একটি ব্যাচে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকা মোতাবেক নির্দিষ্ট সংখ্যক সুফলভোগীদের প্রকল্পের স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.২৪.১২.৯৮১, তারিখ: ১৭/০৭/২০১৩ খ্রিঃ মূলে জারীকৃত পরিপত্রের নির্দেশনা মোতাবেক নির্বাচিত করতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের বয়স ২০-৩৫ বছরের মধ্যে হতে হবে। নির্বাচিত উপজেলাসমূহ হতে মনোনীত প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণে অংশগ্রহণের ছাড়পত্রের অনুলিপি প্রশিক্ষণ শুরুর ০২ দিন পূর্বে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। উল্লেখ্য একজন সুফলভোগী একের অধিক আইজিএ প্রশিক্ষণ এবং কোন সমিতির ০২ (দুই) এর অধিক সদস্য যেন সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণের সুযোগ না পায় এবং বিধবা, স্বামী পরিত্যক্তা ও গরীব সদস্যদের প্রশিক্ষণে অগ্রাধিকার দেয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে।

০২। নির্বাচিত সুফলভোগী সদস্যদের আগামী ১৫/০৪/২০১৮ খ্রিঃ রোজ রবিবার বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে গোপালগঞ্জের কোটালীপাড়াহু বাপার্ডে উপস্থিতি নিশ্চিত করতে অনুরোধ করা হলো।

০৩। প্রশিক্ষার্থীদের সম্মানী ও যাতায়াত ভাতা প্রকল্প হতে নির্বাহ করা হবে; যা বাপার্ড কর্তৃপক্ষের মাধ্যমে প্রশিক্ষার্থীদের প্রদান করা হবে।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইহা জারী করা হলো।

সংযুক্তি : উপজেলাওয়ারী সুফলভোগী প্রশিক্ষার্থীদের সংখ্যা।

মোহাম্মদ আতিকুর রহমান
উপ-প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নংঃ ০২-৮১৮০১৪৩

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

.....উপজেলা,
.....জেলা।

স্মারক নং-৪৭.৬২.০০.০০.৯৬৬.০০.৭৭০.১৪. ২৭৬

তারিখঃ ১০/০৪/২০১৮ খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
{ দৃষ্টি আকর্ষণ: উপ-পরিচালক(প্রশিক্ষণ), বাপার্ড, কোটালীপাড়া, গোপালগঞ্জ }
- ২। প্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৪। উপপরিচালক, বিআরডিবি,.....জেলা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার,.....উপজেলা,.....জেলা।
- ৬। প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৭। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৮। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)..... উপজেলা,.....জেলা।
- ৯। অফিস নথি/সংশ্লিষ্ট নথি।

মোহাম্মদ আশরাফুল হক আকন্দ
সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও বিপণন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোন নং -০২-৮১৮৯০৩১



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা(২য় সংশোধিত) প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029


সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণে অংশগ্রহনকারী সুফলভোগী প্রশিক্ষণার্থীদের উপজেলাওয়ারী তথ্য/সংখ্যা :
(সময় : ১৬/০৪/২০১৮ খ্রিঃ রোজ সোমবার হতে ৩০দিন মেয়াদী)


উপজেলাওয়ারী প্রশিক্ষণার্থীর সংখ্যা:

ক্রমিকনং	জেলা	উপজেলা	প্রশিক্ষণার্থী সংখ্যা
১	সাতক্ষীরা	দেবহাট	৬ জন
২	বরগুনা	আমতলী	৬ জন
৩		বামনা	৬ জন
৪	যশোর	কেশবপুর	৬ জন
৫	নড়াইল	নড়াইল সদর	৬ জন
৬		কালিয়া	৬ জন
৭	ঝিনাইদহ	কোটচাঁদপুর	৪ জন
মোট			৪০ জন

উপজেলাওয়ারী অপেক্ষমান প্রশিক্ষণার্থীর সংখ্যা:

ক্রমিকনং	জেলা	উপজেলা	প্রশিক্ষণার্থী সংখ্যা
১	ঝিনাইদহ	কোটচাঁদপুর	২ জন
২	যশোর	শার্শা	৬ জন
৩	পিরোজপুর	পিরোজপুর সদর	৬ জন
মোট			১৪ জন


২০১৮/০৪/১৬
মোহাম্মদ আশরাফুল হক আকন্দ
সহকারী পরিচালক (প্রশিঃ ও বিপঃ)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।


২০১৮/০৪/১৬
মোহাম্মদ আতিকুর রহমান
উপ-প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।